

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৪২

১. পবিত্রতা (১ প্রান্ত্রা)

পরিচ্ছেদঃ ৬৭. মোজাদ্বয়ের উপর মসেহ করার অনুমতি এবং তৎসংশ্লিষ্ট বিষয়। এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابُ الرُّحْصَةِ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ، وَمَا فِيهِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ النَّيْسَابُورِيُّ ، حَدَّتَنَا يُونُسُ بْنُ عَبْدِ الْأَعْلَى ، حَدَّتَنَا ابْنُ وَهْبٍ ، أَخْبَرَنِي حَيْوَةُ : سَمِعْتُ يَزِيدَ بْنَ أَبِي حَبِيبٍ يَقُولُ : حَدَّتَنِي عَبْدُ اللَّهِ بْنُ الْحَكَمِ ، عَنْ عُلَيّ بْنِ رَبَاحٍ ، أَنَّ عُقْبَةَ بْنَ عَامِرٍ حَدَّتَهُ : أَنَّهُ قَدِمَ عَلَى عُمَرَ بِفَتْحِ دِمَشْقَ ، قَالَ : وَعَلَيَّ خُفَّانِ ، وَعَلَيَّ خُفَّانِ ، فَقَالَ لِي عُمَرُ : كَمْ لَكَ يَا عُقْبَةُ لَمْ تَنْزِعْ خُفَّيْكَ ؟ فَتَذَكَّرْتُ : مِنَ الْجُمُعَةِ إِلَى الْجُمُعَةِ ، فَقَالَ لِي عُمَرُ : مُنْذُ ثَمَانِيَةِ أَيَّامٍ ، قَالَ : أَحْسَنْتَ وَأَصَبْتَ السُّنَّةَ

বাংলা

৭৪২(২০). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... আলী ইবনে রাবাহ (রহঃ) থেকে বর্ণিত। উকবা ইবনে আমের (রাঃ) তার নিকট হাদীস বর্ণনা করেন যে, তিনি দামিশ্ক বিজয়কালে উমার (রাঃ)-এর নিকট এলেন। তিনি বলেন, তখন আমি মোজা পরিহিত অবস্থায় ছিলাম। উমার (রাঃ) আমাকে জিজ্ঞেস করেন, হে উকবা! কবে থেকে (পদদ্বয় থেকে) তুমি মোজাদ্বয় খেোলনি? আমি বললাম, (এক) জুমুআর দিন থেকে পরবর্তী জুমুআ পর্যন্ত। আমি আরো বললাম, আট দিন যাবত। তিনি বলেন, তুমি উত্তম কাজ করেছ এবং সুন্নাত অনুযায়ী আমল করেছ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনে রাবাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন